খেলার খবর

শুভেচ্ছা

জন্মদিন

Medhangsh (Kutu, Sonababa) : Our hope, dream, lights of lives. Happy Birthday, blessed with love of sunshine, rainbow colour loughter. - Mother (Susmita), Grand Ma (Dipti), Siliguri.

অনুষ্কা বিশ্বাস (সাথী) ঃ আজ তোমার শুভ জন্মদিনে রইল প্রাণভরা ভালোবাসা ও আশীর্বাদ। – বাবা (সাগর বিশ্বাস), মা (সোনালী বিশ্বাস), ঠাকুরদা, ঠাম্মা, দাদু, দিদা, আমগুড়ি বাজার।

আইজল এফসি ম্যাচের প্রস্তুতিতে বাজি (বাঁয়ে) ও কাটসুমি। ছবি ঃ ডি মণ্ডল

কমনওয়েলথের যোগ্যতা খোয়াতে পারেন সুশীল

নয়াদিল্লি, ১২ জানুয়ারি ঃ নির্বাসনের মুখে পড়ে কমনওয়েলথ গেমসের যোগ্যতা খোয়াতে পারেন সুশীল কুমার। কমনওয়েলথ গেমসের ট্রায়ালে সুশীল ও প্রবীণ অনুগামীরা মারামারিতে জড়িয়ে পড়েছিলেন। যে ঘটনার জেরে ইতিমধ্যে দুবারের অলিম্পিক পদকজয়ী সুশীলের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে। যার ফলে সুশীল কমনওয়েলথের যোগ্যতা খোয়াতে পারেন বলেই ইঙ্গিত মিলেছে রেসলিং ফেডারেশন অফ ইন্ডিয়ার (ডব্লিউএফআই) পক্ষ থেকে। ঘটনার পরেই প্রবীণ রানার পক্ষ থেকে ডব্লিউএফআইয়ের কাছে লিখিত অভিযোগ দায়ের হয়েছিল। সুশীল তাঁর সমর্থকদের প্ররোচিত করেছিলেন বলেই ঘোরতর অভিযোগ এনেছিলেন তিনি। যার জেরে সুশীলকে শোকজ নোটিশ পাঠানো হয়েছিল। ৭৪ কেজি বিভাগে কমনওয়েলথের ট্রায়াল জেতা সুশীলের পক্ষ থেকে যে উত্তর এসেছে, তাতে ডব্লিউএফআই খুশি নয় বলেই সূত্রের খবর। সুশীল তাঁর উত্তরে জানিয়েছেন, 'কুস্তিই আমার জীবনে সবকিছু। ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত কোনোভাবেই কোনো কুস্তিগিরের বিরুদ্ধে এই ধরনের ঘটনা ঘটাব না। ফেডারেশনের কাজকর্মেও কোনো ব্যাঘাত ঘটাতে চাইনি কখনও। দায়িত্ব নিয়ে আপনাদের জানাতে চাই, আমি বা আমার সমর্থকরা কেউই এই ধরনের ঘটনার সঙ্গে জড়িত নয়। গোটা ঘটনার নিন্দা করছি। ট্রায়ালে জেতার পরে সোজা ঘর ছেড়ে সাংবাদিকদের সঙ্গে দেখা করতে চলে গিয়েছিলাম।' সুশীলের বক্তব্যেই পরিষ্কার, গোটা ঘটনার জেরে প্রবীণ ও তাঁর সমর্থকদের দিকেই অভিযোগের আঙুল তুলেছেন সুশীল। গোটা ঘটনা মাথায় রেখে দুই কুস্তিগিরকেই দেখা করতে ডেকে পাঠিয়েছে ডব্লিউএফআই। চলতি প্রো রেসলিং লিগের পরেই তাঁরা দেখা করবেন সংস্থার সঙ্গে। সেই সাক্ষাতের পরেই নিশ্চিত হয়ে যাবে, সুশীলের উপরে নির্বাসনের খাঁড়া নেমে আসে কিনা।

৩৫৭ মিলিয়ন পাউন্ডে রিয়ালে নেইমার!

–খবর পনেরোর পাতায়



রবিবার আইজল যাচ্ছে ইস্টবেঙ্গল

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারি ঃ আইজল এফসি–র বিরুদ্ধে মিজোরামের টার্ফের মাঠে খেলতে হবে ইস্টবেঙ্গলকে। তারই প্রস্তুতি হিসেবে শনিবার বারাসত স্টেডিয়ামে অনুশীলন করবে লাল–হলুদ শিবির। খালিদ জামিল ও এবারের ইস্টবেঙ্গলের কিছু খেলোয়াড়ের আইজলের মাঠ ভালোমতোই চেনা। তাও কৃত্রিম ঘাসের মাঠে খেলতে নামার আগে একবার দলকে ভালোমতো ঝালিয়ে নিতে চান আই লিগ জয়ী কোচ।

রবিবার সকালের বিমানে আইজল রওনা দেবে ইস্টবেঙ্গল। এদিনের অনুশীলনে দু'দলে ভাগ করে সিচুয়েশন প্র্যাকটিস করানো হয় বেশ অনেকক্ষণ ধরে। আইজলের বাধা সামলাতে খালিদ জামিল তার দলের বেশ কিছু পাহাড়ি ছেলেকে এদিন অনুশীলনে প্রাধান্য দেন। পাশাপাশি অনুশীলনের শেষপর্বে আই লিগ জয়ী কোচ বেশ কিছুক্ষণ পড়ে থাকেন গোলরক্ষকদের নিয়ে। লাল–হলুদের শেষ প্রহরীদের ভুলে গোল হজম যে তাকে ভাবাচ্ছে, সেটা বেশ পরিষ্কার। অনুশীলনের শুরুতে হাঁটাহাঁটি করে আমনা জিমেই সময় কাটান। এদিকে, ডুডুর আগমন নিয়ে চলতে থাকা ধোঁয়াশা অব্যাহত। প্রথমে শনিবার কলকাতায় এসে নাইজেরিয়ান স্ট্রাইকারের আইজলে দলের সঙ্গে যাওয়ার কথা থাকলেও, তার আসা নিয়ে ফের অনিশ্চয়তা তৈরি হয়েছে। কবে ডুডু কলকাতায় আসছেন সে ব্যাপারে কর্তাদের কাছে কোনো সরকারি তথ্য এখনও পর্যন্ত নেই। বরং সবাইকে চমকে দিয়ে এদিন দলের সঙ্গে পুরো সময় ধরে অনুশীলন করেন চার্লস। এদিনও ক্লাব–তাঁবু ছেড়ে বেরোনোর মুখে তিনি ছিলেন নির্লিপ্ত। পাশাপাশি আইএফএ–র ব্যর্থতায় এখনও বাংলার ট্রায়াল প্রক্রিয়া সম্পূর্ণ না হওয়ায় লাল–হলুদের অনুশীলনে প্রায় রোজই দেখা যাচ্ছে সহকারী কোচ রঞ্জন চৌধুরিকে। সকালে ইস্টবেঙ্গলের অনুশীলন থাকার পরে দুপুরে ট্রায়াল প্রক্রিয়ার তত্ত্বাবধান করছেন বাংলার সন্তোষ ট্রফির কোচ রঞ্জন।

'ঘুরে দাঁড়াবে ভারত'

অফস্টাম্পের বাইরের বল ছাড়ার পরামর্শ বোরদের

পুনে, ১২ জানুয়ারি ঃ ২০৮ রানের জয়–লক্ষ্যে খেলতে নেমে ১৩৫–এ শেষ। পেস বোলিংয়ের বিরুদ্ধে দৈন্যতার চেনা ছবিটা ফের প্রকট। অফস্টাম্প বুঝতে না পারা, বাউন্স, গতির কাছে ব্যাটিং ভরাডুবির আশঙ্কা নিয়ে আগামীকাল সেঞ্চুরিয়ানে ফের খেলতে নামছে ভারতীয় দল। তার প্রাক্কালে বিরাট কোহলিদের শুরুর দিকে অফস্টাম্পের বাইরের বল ছাড়ার পরামর্শ দিলেন চাঁদু বোরদে। নবাব পতৌদির ডেপুটির দায়িত্ব সামলানো বোরদে বলেন, 'ক্রিজে টিকে থাকাটা গুরুত্বপূর্ণ। বিশেষত, অফস্টাম্পের বাইরের বলগুলি দেখে ছাড়াটা। কিন্তু এই ভুলটা করেই আমাদের বেশিরভাগ ব্যাটসম্যান স্লিপে কিংবা উইকেটকিপারের হাতে ক্যাচ তুলে বসেছে। অফস্টাম্পের বাইরের বলের ক্ষেত্রে স্ট্র্যাটেজি পরিবর্তন প্রয়োজন। শুরুতে বাইরের বল দেখে ছাড়ুক। তারপর সেট হয়ে গেলে বরং শট খেলুক।'

ব্যাটিং স্টান্সেও অ্যাডজাস্টমেন্টের কথা বললেন তিরাশিতে পা রাখা চাঁদু বোরদে। 'আরও একটা বিষয় হল ক্রিজের বাইরে স্টান্স নেওয়া। ক্রিজের মধ্যে না থেকে ইঞ্চি ছয়েক এগিয়ে দাঁড়াক ওরা। সুইং হওয়ার আগেই যথাসম্ভব খেলার চেষ্টা করুক। এই অ্যাডজাস্টমেন্টগুলি যদি করে নিতে পারে, তাহলে সমস্যা হবে না বলে আমার বিশ্বাস। প্রথম টেস্টে হাড্ডাহাড্ডি ম্যাচ হয়েছে। জিতলেও দক্ষিণ আফ্রিকাও নিশ্চিতভাবে ভারতকে নিয়ে চিন্তিত। বিশেষ করে যেভাবে ওরা দ্বিতীয় ইনিংসে আউট হয়েছে এবং আমাদের বোলাররা যেরকম বল করেছে।'

আর এই কারণেই বিরাট ব্রিগেডকে নিয়ে আশা ছাড়তে নারাজ। চাঁদু বোরদের কথায়, 'দক্ষিণ আফ্রিকা সফরে যাওয়া এটা সম্ভবত সেরা ভারতীয় দল। দলটার ক্ষমতা আছে। যেকোনো পরিস্থিতির মুখোমুখি হওয়ার মতো ক্রিকেটার রয়েছে এই দলটাতে। প্রথম ম্যাচে হয়তো ব্যাটসম্যানরা ভালো খেলতে পারেনি, তবে আমার বিশ্বাস, সেঞ্চুরিয়ান টেস্টে ওরা ঘুরে দাঁড়াবে। অন্য ভারতীয় দলকে দেখা যাবে।'

প্র্যাকটিস ম্যাচ না খেলাটা ভারতের বিপক্ষে গিয়েছে বলে মনে করেন ভারতের হয়ে ৫৫টি টেস্ট খেলা চাঁদু বোরদে। বলেন, 'অন্তত গোটা দুয়েক–তিনেক প্রস্তুতি ম্যাচ খেলা দরকার ছিল ব্যাটসম্যানদের পরিবেশের সঙ্গে মানিয়ে নিতে। দক্ষিণ আফ্রিকার মতো উইকেটে ভারতীয়রা অভ্যস্ত নয়। তাই প্রস্তুতি ম্যাচটা জরুরি ছিল। সেক্ষেত্রে ওখানকার বাউন্সের সঙ্গে মানিয়ে নিতে সুবিধা হত। বোলারদের পক্ষে লাইন–লেংথ অ্যাডজাস্ট করার চেয়ে ব্যাটসম্যানদের কাজটা কিন্তু বেশি কঠিন।'

প্রাক্তন পেসার রাজু কুলকার্নি আবার কেপটাউন টেস্টে না খেলা ইশান্ত শর্মার ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন। মুম্বইয়ের প্রাক্তন এই পেসারের যুক্তি, 'ইশান্ত ভারতের হয়ে ৭৯টি টেস্ট খেলে ফেলেছে! কিন্তু কখনও ওকে বোলিংয়ে নেতৃত্ব দিতে দেখিনি। ওর মূল সমস্যা এটাই। প্রতিবারই শোনা যায় নতুন টেকনিক, স্ট্র্যাটেজি নিয়ে নাকি ও হাজির হয়েছে। যদিও বাস্তবটা একেবারে আলাদা। শেষ দুটি সিরিজ দেখুন। বড়ো বোকা বোকা লেগেছে ওর প্রচেষ্টা। আসলে প্রতিবার নতুন পরীক্ষা–নিরীক্ষায় ধারাবাহিকতা ধাক্কা খাচ্ছে।'

বিটিটিএ–র চ্যাম্পিয়নশিপ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারি ঃ বিটিটিএ–র আন্তঃজেলা টেবল টেনিস চ্যাম্পিয়নশিপ শুরু ১৫ জানুয়ারি। ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এই টুর্নামেন্ট শেষ হবে ১৯ জানুয়ারি। মোট ১০৯৫ জন প্রতিযোগী অংশ নেওয়ার কথা। জলপাইগুড়ি, মালদা, দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর, পুরুলিয়ার মতো দূরবর্তী জেলাগুলি ছাড়াও কলকাতা ও আশপাশের মিলিয়ে মোট ১৯টি জেলা অংশ নিচ্ছে।

আক্রমই নতুন বিদেশি, সুভাষকে নিয়ে জল্পনা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারি ঃ আক্রম মোগরাবির নামের পাশে সরকারিভাবে সিলমোহর দিল মোহনবাগান ক্লাব। এদিন ক্লাবের তরফে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, ক্লাবের নতুন বিদেশি হিসেবে ক্রোমার পরিবর্তে বেছে নেওয়া হল লেবানিজ আক্রম মোগরাবিকে। তিনি এদিনই ভিসার জন্য আবেদন করেছেন বলেও মোহনবাগান ক্লাবের তরফে জানানো হয়। ক্রোমার পরে বিদায় হতে পারে ডিকারও। তার বদলি হিসেবে বড়ো কোনো নাম পেলেই ছাঁটাই হবেন এই ক্যামেরুনজাত স্ট্রাইকার। এদিকে, আক্রমকে দলে নেওয়ার সঙ্গে সঙ্গে হঠাৎই সুভাষ ভৌমিককে নিয়ে জল্পনা। তাকে নাকি টেকনিকাল ডিরেক্টর করে নিয়ে আসা হতে পারে। এমনিতেই শংকরলালের সঙ্গে তার সম্পর্ক খুবই ভালো। আক্রমের নামটাও তিনিই সুপারিশ করেন বাগানের নয়া কোচের কাছে। কিন্তু সুভাষ টিডি হিসেবে নিযুক্ত হবেন কিনা, এই খবরের সত্যতা নিয়ে প্রকাশ্যে কোনো কর্তাই মুখ খোলেননি। সবেথেকে বড়ো সমস্যা, ফেডারেশনের আইনকানুন। যেখানে ইচ্ছা থাকলেও দু–তরফই এগোতে পারছে না। অনুশীলন করানো, সাজঘরে ঢোকা সব বিষয়েই কড়া বিধিনিষেধ আরোপ করেছে আই লিগ কমিটি। একমাত্র মিনার্ভার মতো যদি সুভাষ তার একদা শিষ্যের সহকারি হিসেবে কাজ করতে রাজি হয়ে যান তাহলেই সম্ভব তার বাগানে প্রবেশ। নিশ্চিতভাবেই তা আশিয়ানজয়ী কোচের পক্ষেও খুব সম্মানজনক হবে না। তাছাড়া শংকরলালও মাত্র দুটো ম্যাচে একক দায়িত্বে থাকার পর পরামর্শদাতা হিসেবে তিনিই কাউকে মেনে নেবেন কিনা সেটাও ভাববার বিষয়। ফলে জল্পনা থাকলেও তা কতটা কাজে পরিণত করা সম্ভব তা নিয়ে প্রশ্ন থেকেই গেল।

E-Tender Notice
Tender Ref no. WB_PANCH/656/SGP/2017-18
Date : 10/01/2018
Tender ID 2018_ZPHD_148097_1 TO 9
Name of Fund 14th FC & MGNREGS
For Details :
www.wbtenders.gov.in
www.wbprd.nic.in

অমিতাভের উদ্যোগে বিশেষ বৈঠক

বয়সের ঊর্ধ্বসীমা মানার পথে বোর্ডের একাংশ

মুম্বই, ১২ জানুয়ারি ঃ লোধা কমিটির সুপারিশ অনুযায়ী পদাধিকারীদের ঊর্ধ্বসীমা ৭০ করার পক্ষে মত দিল বোর্ডের একাংশ। একইসঙ্গে সর্বাধিক ৯ বছরের মেয়াদের বিষয়টিও তারা মেনে নিচ্ছে। গতকাল মুম্বইয়ের একটি পাঁচতারা হোটেলে ১১টি রাজ্য ক্রিকেট সংস্থা বিশেষ বৈঠকে বসেছিল। মূল উদ্যোগ নেন বর্তমান অন্তর্বর্তীকালীন সচিব অমিতাভ চৌধুরি। তিনিই সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত রাজ্য সংস্থাগুলির প্রতিনিধিরা কয়েকটি বিষয়ে আপত্তি জানালেও, বয়সের ঊর্ধ্বসীমা ও মেয়াদ নিয়ে লোধা কমিটির গুরুত্বপূর্ণ দুটি সুপারিশ মেনে নেওয়ার পক্ষে রায় দিয়েছেন।

অবশ্য 'এক রাজ্য এক ভোট', কুলিং অফ পিরিয়ড, তিন সদস্যের নির্বাচক কমিটির মতো বিষয়গুলিতে যদিও প্রবল আপত্তি রয়েছে। সভায় উপস্থিত এক কর্তা বলেন, 'লোধা সংস্কারকে বাস্তবায়িত করার পক্ষপাতী আমরা। এক রাজ্য এক ভোটের মতো দু–একটা সুপারিশ বাদ দিলে, বাকি সমস্ত নির্দেশের পক্ষপাতী আজকের বৈঠকে অংশ নেওয়া রাজ্যগুলি।' গতকালের এই বৈঠকে বোর্ডের কোশাধ্যক্ষ অনিরুদ্ধ চৌধুরিকে আমন্ত্রণ জানানো হয়নি। বাইরে রাখা হয়েছে শ্রীনিবাসন, নিরঞ্জন শাহ এবং তাঁর গোষ্ঠীকে। কারণ, এই দুই ক্রিকেট কর্তার বয়স সত্তর পেরিয়েছে। বয়সের ঊর্ধ্বসীমায় দুজনেই আপাতত বাতিলের তালিকায়।

এমসিজির পিচকে 'খারাপ' তকমা

দুবাই, ১২ জানুয়ারি ঃ প্রাথমিকভাবে জানানোর পরে এবার সরকারিভাবে ঘোষণা। মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডের (এমসিজি) পিচকে 'খারাপ' তকমা দিল আইসিসি। ক্রিকেট অস্ট্রেলিয়ার পিচ–দম্ভে যেন চুনকালি পড়ে গেল আইসিসির ঘোষণাতে। ভারতে গতবার খেলতে এসে পুনের পিচ নিয়ে নানা অভিযোগ করেছিল অস্ট্রেলিয়া। সেই ম্যাচের পিচকে রেফারি 'খারাপ' বলে সতর্ক করে ছাড়লেও অস্ট্রেলিয়ান সংবাদমাধ্যম ব্যাপারটাকে নিয়ে গিয়েছিল অনভিপ্রেত কূটকচালির জায়গায়। এবারে যদিও অস্ট্রেলিয়ার অতিপরিচিত এমসিজি সরকারিভাবে 'খারাপ' তকমা পাওয়ার পরেও তারা একেবারে স্বভাববিরুদ্ধ নিরুত্তাপ। বরং ইংল্যান্ডের সংবাদমাধ্যম অ্যাসেজ হারের ক্ষতে মলম খুঁজে পেয়েছে। এবারের অ্যাসেজের বক্সিং ডে টেস্ট আয়োজিত হয়েছিল এমসিজিতে। যে ম্যাচের পরেই আইসিসি ম্যাচ রেফারি রঞ্জন মধুগুলে তাঁর রিপোর্টে জানিয়েছিলেন, ব্যাট–বলের মধ্যে সামঞ্জস্যপূর্ণ লড়াইয়ের পথে বাধা এমসিজি–র এই পিচ। তাঁর রিপোর্টে যদিও পাত্তা না দিয়ে ক্রিকেট অস্ট্রেলিয়া পালটা জানিয়েছিল, বেশি ক্রিকেটের জেরে এমনটা হতে পারে। অস্ট্রেলিয়ায় খারাপ পিচ তৈরির ইতিহাস নেই। এদিন সরকারিভাবে 'খারাপ' তকমা দিয়ে এমসিজি ও ক্রিকেট অস্ট্রেলিয়াকে সতর্ক করে দিয়েছে আইসিসি। ভবিষ্যতে এহেন পিচ যাতে তারা না বানায়, সে ব্যাপারে পরিষ্কার বার্তাও দেওয়া হয়েছে বিশ্বের সর্বোচ্চ ক্রিকেট নিয়ামক সংস্থার পক্ষ থেকে।

সম্পাদক ঃ সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে সঞ্জীব তালুকদার কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী– ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন ঃ ২২৪৩-৫৬৬৩, ২২১০-১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩-২২৪৩-৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ ডিবিসি রোড, নতুনপাড়া, জলপাইগুড়ি-৭৩৫১০১, ফোন ঃ ০৩৫৬১-২২৪২১৪, ২৩১৬৪৪। কোচবিহার অফিস ঃ দেবীবাড়ি, নতুনপাড়া, কোচবিহার-৭৩৬১০১, ফোন ঃ ০৩৫৮২-২২৬৪৩৩। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার-৭৩৬১২২, ফোন ঃ ০৩৫৬৪-২৫৯৪০১। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা-৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ২২১৬৯৬ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩-২৪৩৪৪৪৫ / ২৫২৯৬৬০। Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in